



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।  
[www.novotheatre.gov.bd](http://www.novotheatre.gov.bd)



নং- ৩৯.০৫.০০০০.০০৭.০৫.১৮৮.২৩- ২০২

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩০  
০৯ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়ঃ** “Smart Connectivity for Novotheatre” বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ই-গভর্ন্যান্স ও উত্তাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সূচক [৬.১.১] বাস্তবায়নের জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে ০১/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত “Smart Connectivity for Novotheatre” বিষয়ক মতবিনিময় সভার কার্যবিবরণী সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্নামাতে।

০৯.১১.২০২৩

(নায়মা ইয়াসমীন)

ইনোভিশন অফিসার

ও

পরিচালক

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

ফোন: ৫৫০২৭৭৩৪

বিতরণঃ

- ১। সকল কর্মকর্তা-কর্মচারী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।
- ২। সহকারী কিউরেটর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী। (ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)
- ৩। ব্যক্তিগত সহকারী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। (মহাপরিচালকের সদয় অবগতির জন্য)
- ৪। গার্ড ফাইল/ সংশ্লিষ্ট নথি।



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।  
[www.novothatre.gov.bd](http://www.novothatre.gov.bd)



নং ৩৯.০৫.০০০০.০০৭.০৫.১৮৮.২৩- ২০২

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩০  
০৯ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সুচক [৬.১.১] বাস্তবায়নের জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে “Smart Connectivity for Novotheatre” বিষয়ক মতবিনিময় সভা আয়োজন সংক্রান্ত।

সভাপতি : জনাব মোঃ আব্দুর রাজ্জাক  
মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার  
সভার তারিখ : ০১ সেপ্টেম্বর ২০২৩, শুক্রবার  
সময় : সকাল ১০: ৩০ টা  
স্থান : নভোথিয়েটারের সভাকক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হলো।

**২। উপস্থাপনাঃ** সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব শফিকুল ইসলাম সরকার, উপপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার সকলকে স্বাগত জানিয়ে অনুষ্ঠানের সুচনা করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মশিউর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, CdNet Communications Ltd. ও প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শেখ রিয়াজ আহমেদ, কমিশনার, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন; জনাব গোলাম সারোয়ার ই- কায়নাত, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং জনাব আসাদুজ্জামান চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (BTCL)। এছাড়া আরো সংশ্লিষ্ট সেক্টরের বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জনাব নায়মা ইয়াসমীন, পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, নভোথিয়েটারের সার্বিক কার্যক্রম একটি চমৎকার প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন। তিনি নভোথিয়েটারের বিভিন্ন সেবা এবং নভোথিয়েটারের কার্যক্রম কিভাবে আরো স্মার্ট পদ্ধতিতে উপস্থাপন করা যায় সে বিষয়ে বিজ্ঞদের নিকট মতামত আহবান করেন। এছাড়া নভোথিয়েটারের সকল সেবা অনলাইনের আওতায় আনতে বিভিন্ন সমস্যা এবং তার প্রতিকার নিয়ে উক্ত অনুষ্ঠানে আলোচনা হয়।

আলোচনার শুরুতে জনাব শেখ রিয়াজ আহমেদ, কমিশনার, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন জানান যে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা পেতে হলে প্রয়োজনীয় ব্যান্ডউইথ সংযোগ নিতে হবে। Bandwidth Capacity নির্ধারণের জন্য কোন সিলিং না রেখে নভোথিয়েটারের সর্বোচ্চ প্রয়োজনীয় Bandwidth জানা প্রয়োজন। এরপর প্রয়োজন অনুযায়ী Bandwidth সংযোগ নেয়ার বিষয়ে BTCL এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

জনাব আসাদুজ্জামান চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (BTCL) নভোথিয়েটারের গুরুত্বারোপ করে বলেন যে, এটি একটি কেপিআই ডুপ্ল প্রতীষ্ঠান। তাই এর নেটওয়ার্কিং সিস্টেম সরকারি হলে ভাল হবে। বিভাগীয় পর্যায়ে নির্মিতব্য নভোথিয়েটারে High Speed Internet Connection নিতে Last mile solution এর জন্য BTCL এর সাথে যোগাযোগের বিষয়ে গুরুত্বারোপ করেন।

জনাব মো: তৌরিত, চীফ কম্পালট্যান্ট, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নভোথিয়েটারের রাজস্ব আয় সম্পর্কে জানতে চেয়ে জানান যে, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নভোথিয়েটারের সাথে সংযোগ স্থাপন করার ব্যবস্থা করতে হবে। এছাড়া গবেষণা কার্যক্রমের জন্য **University Research Network** এর সাথে কোলাবোরেশন এবং মেম্বারশিপের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

উপস্থিত জনাব মো: রফিকুল ইসলাম, মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর জানান যে শিক্ষার্থীদের নভোথিয়েটারের কার্যক্রমের সাথে সরাসরি সংযোগ করার ব্যবস্থা করা প্রয়োজন। এছাড়া তিনি ইন্টারনেটের কানেকশনের বিষয়ে সরকারি প্রতিষ্ঠানকে গুরুত্ব দিয়ে বলেন নেট লাইন সরকারি প্রতিষ্ঠানে দিলে প্রয়োজন অনুযায়ী ব্যান্ডউইথ পেতে সুবিধা হবে।


প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব মো: মশিউর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা, CdNet Communications Ltd. ও প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড নভোথিয়েটারের ডি আর এবং সার্বিক কর্মপরিকল্পনার সাধুবাদ জানান। তিনি জানান যে নভোথিয়েটারের **Smart Connectivity** এর জন্য ফিঙ্কড কানেক্টিভিটি প্রয়োজন। এছাড়া তিনি উল্লেখ করেন যে সুষ্ঠু পরিচালনার জন্য **Redundant internet connection** নেয়া প্রয়োজন। এছাড়াও তিনি জানান যে মহাকাশ বিজ্ঞান ও আধুনিক বিজ্ঞানে শিক্ষার্থীদের আকৃষ্ট করতে হবে এবং **Sustainability** তৈরি করতে হবে। প্রধান অতিথি তার বক্তব্য দীর্ঘায়িত না করে নভোথিয়েটারের সার্বিক কার্যক্রম, প্ল্যানেটেরিয়াম প্রদর্শনী এবং সেবাসমূহ পরিদর্শনে আগ্রহ প্রকাশ করেন।

সভাপতি উপস্থিত সকলকে সুন্দর বক্তব্য ও পরামর্শের জন্য ধন্যবাদ জানান।

৩। সভার সিদ্ধান্ত সমূহঃ

- ৩.১। প্রয়োজনীয় **Bandwidth** চাহিদা নির্ধারণপূর্বক **High Speed** সংযোগ গ্রহণ করতে হবে;
- ৩.২। **Last Mile Solution** হিসেবে **Optical Network** বিবেচনা করতে হবে;
- ৩.৩। নভোথিয়েটার সুষ্ঠু পরিচালনার স্বার্থে **Redundant** ইন্টারনেট সংযোগ রাখা প্রয়োজন। সরকারি সংস্থার ইন্টারনেট সংযোগকে অগ্রগণ্য বিবেচনা করা যেতে পারে;
- ৩.৪। নভোথিয়েটার একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে **Revenue Income** এবং **Sustainability** বিষয়টি বিবেচনায় রাখতে হবে;
- ৩.৫। গবেষণা কার্যক্রমের জন্য **University Research Network** এর সাথে কোলাবোরেশন করতে হবে। এবং মেম্বারশিপের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩.৬। মহাকাশ বিজ্ঞান ও আধুনিক বিজ্ঞানে শিক্ষার্থীদের আকৃষ্ট করতে হবে।

৪। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুর রাজ্জাক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন নং ৫৫০২৭৭৩৪